দৈনিক
ইনকিলাব

তারিখ ... 26 JUL 2009
পৃষ্ঠা ... ১ কলাম ... ১

### আলিম ফাযিল ও কামিলে পাসের হার বেড়েছে

# মাদ্রাসা বোর্ড এবারও শীর্ষে

## আলিম ৮৪.৬০% ফাযিল ৮১.৬৯% কামিল ১০০%

**স্টাফ রিপোর্টার**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০০৯ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। দেশের ১০টি শিক্ষা বোর্ডের মধ্যে মাদ্রাসা শিক্ষা বোর্ডের পাসের হার বরাবরের মত এবারও শীর্ষে। ফলাফল অনুযায়ী আলিমের গড় পাসের হার ৮৪.৬০%। ২০০৮ সালের পরীক্ষায় গড় পাসের হার ছিল ৮২.৪৩%, ফাযিল পরীক্ষার পাসের হার ৮১.৬৯%। ২০০৮ সালের ফাযিল পরীক্ষার গড় পাসের হার ছিল ৮০.৯৮%। কামিল পরীক্ষার গড় পাসের হার ১০০%। ২০০৮ সালের কামিল পরীক্ষার গড় পাসের হার ছিল ৯৭.৭৩%। উল্লেখ্য, মুজাব্বিদ আংশিক শাখার ফলাফল সনাতন পদ্ধতিতে হওয়ার কারণে গ্রেডিং পদ্ধতির পরিসংখ্যানে উত্তীর্ণের সংখ্যা শূন্য দেখানো হয়েছে। মূলত সনাতন পদ্ধতিতে পাসের সংখ্যা ২৭১ জন। যে কারণে পাসের গড় হার ৮৪.৬০%। এবার আলিম পরীক্ষায় জিপিএ ৫ পেয়েছে ১,৮৯৪ জন। তন্মধ্যে ছাত্র ১,৫৪৫ জন এবং ছাত্রী ৩৪৯ জন। জিপিএ ৪ প্রাপ্ত ছাত্রছাত্রীদের মোট সংখ্যা ১০,৮৫৮ জন। আলিম পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৫৮,৯৭৮ জন। তন্মধ্যে ছাত্র ৩৬,৩২২ জন এবং ছাত্রী ২২,৬৫৬ জন।

আলীম পরীক্ষায় সাধারণ বিভাগের পাসের হার ৮৪.৬৪%। তন্মধ্যে ছাত্রদের পাসের হার ৮৫.৮৬% এবং ছাত্রীদের পাসের হার ৮২.৭৭%। বিজ্ঞান বিভাগের গড় পাসের হার ৮৪.৩৪। তন্মধ্যে ছাত্রদের পাসের হার ৮৩.৮২% এবং ছাত্রীদের পাসের হার ৮৬.১৬%। মুজাব্বিদ গ্রুপের গড় পাসের হার ৬০.৯৪%। তন্মধ্যে ছাত্রদের পাসের হার ৫৮.২৭% এবং ছাত্রীদের

পৃঃ ১২ কঃ ৮

### মাদ্রাসা বোর্ড এবারও শীর্ষে

প্রথম পৃষ্ঠার পর

পাসের হার ৬৬.১৫%। ফাযিল পরীক্ষার মোট পরীক্ষার্থী ছিল ২৭৩ জন। তন্মধ্যে ছাত্র ২৩৪ জন এবং ছাত্রী ৩৯ জন। গড় পাসের হার ৮১.৬৯%। তন্মধ্যে ছাত্রদের পাসের হার ৮৩.৭৬% এবং ছাত্রীদের পাসের হার ৬৯.২৩%। প্রথম বিভাগে উত্তীর্ণের সংখ্যা ৯৮ জন। তন্মধ্যে ছাত্র ৮৮ জন এবং ছাত্রী ১০ জন। কামিল পরীক্ষার মোট পরীক্ষার্থী ছিল ৫২ জন। তন্মধ্যে ছাত্র ৪৫ জন ও ছাত্রী ৭ জন। প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩৮ জন তন্মধ্যে ছাত্র ৩৪ জন ও ছাত্রী ৪ জন। উল্লেখ্য, ফাযিল ও কামিল শ্রেণীর মান দেয়ার কারণে এ দুই শ্রেণীর নিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত হয়েছে।